



# অমলের বিয়ে

সুকুমার মন্ডল

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

গাঢ় কালচে রঙের ঠান্ডা পানীয়ের গ্লাসে একটা কুণ্ঠিত চুমুক দিয়ে টেবিলে নামিয়ে রাখতে রাখতে অমল বলল, ‘বিয়ের আগে আমার সম্বন্ধে সবকিছু আপনাকে খেলাখুলি জানিয়ে রাখা উচিত মনে করি, বিয়ের পরে কোনও কিছু শুনলে আপনার মনে হতে বাধ্য যে আমি আপনার সাথে প্রবঞ্চনা করেছি।’ আগে ভাগে বারকতক মহড়া দেওয়া কথা কটা বলতে পেরে এই শীতল রেস্তোরাতেও অমল ঘেমে উঠলো। ঠান্ডা পানীয়ের গ্লাসের গায়ে যেমন জলের ফোঁটা, অনেকটা সেরকম।

—বেশ তো, মনে যখন বিবেকের কাঁটা খচখচ করছে তখন বলেই ফেলুন, মন হাল্কা হবে।

—আপনি হয়তো ভাবছেন ...

—দেখুন ধানাই পানাই আমি দু-চোক্ষে দেখতে পারিনা, ফালতু টেনশন হয়।

—ঠিক আছে.. ঠিক আছে.. বলছি শুনুন। আমার হাঁপানির অসুখ আছে, সেই ছোটবেলা থেকে। মাঝে মাঝে টান বাড়ে, খুব কষ্টে থাকি সেসময়। গত বছর বুকে একবার যন্ত্রণা হয়েছিলো। ডাক্তারী পরীক্ষায় জানা গেছে, হার্ট বেশ দুর্বল।

—বুঝলাম, আর কোনও ব্যামো ট্যামো আছে নাকি?

—নাঃ ... মানে সেরকম কিছু মনে পড়ছে না। কলেজে পড়ার সময় একবার কঠিন জন্ডিসে ভুগেছিলাম, আর ছোটবেলায় বসন্ত হয়েছিলো। আপনি হয়ত মনঃক্ষুণ্ণ হলেন। এখনও যদি মনে করেন আপনি বিয়ের সিদ্ধান্ত পাশ্চাতে পারেন।

—পিছিয়ে যাওয়ার প্রাই উঠছে না।

—নেই! বাহ ... জানেন ভারি স্বস্তি পেলাম। আপনার মনের জোর -এর প্রশংসা করতে হয়। ... তবু একটা প্রা মনের মধ্যে কেবল ঘুরছে ... বলেই ফেলি কী বলেন?

—আবার কী প্রা!

—দেখতে শুনতে আমাকে মোটেই তেমন সুশ্রী সুপুষ কেউই বলবে না। বয়েসটাও বেশ এগিয়ে গেছে। তার ওপর ওই সব ভয়ের অসুখ - বিসুখ শোনার পরও অবিচল আছেন কি করে! হাজার হোক আপনার জীবনেও সাধ - আদ নিশ্চয়ই আছে।

আপনার মনে আছে কিনা জানিনা। আমাদের আলাপের প্রথম দিনে কথায় কথায় আপনি বলেছিলেন, আপনাদের অফিসে কর্মরত অবস্থায় মৃত্যু হলে, সেই কর্মী-র স্ত্রী-কে বহাল করা হয়ে থাকে। নিয়মটা বদলায় নি আশাকরি?

—অঁ্যা ... ও ... হঁ্যা ... হঁ্যা ... আমাদের অফিসে সেটা হয়ে থাকে বটে।

—ব্যাস্ তাইহলে আর চিন্তার কি থাকলো। সেরকম কিছু ঘটলে আমি তো আর ভেসে যাবো না!

বিমূঢ় অমল টোক গিলে কোনমতে বলল, তা বটে!

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310  
email: editor@srishtisandhan.com